

- ১) ভিডিলিউবি কার্যক্রমের আওতায় অনলাইনে আবেদনের মাধ্যমে ইউনিয়ন ভিডিলিউবি কমিটি এবং উপজেলা ভিডিলিউবি কমিটির অনুমোদনের মাধ্যমে প্রদান করা হয়।
- ২) মা ও শিশু সহায়তা তহবিল কর্মসূচির আওতায় অনলাইনে আবেদনের মাধ্যমে ইউনিয়ন ও পৌরসভার মাতৃত্বকাল প্রদান কমিটির অনুমোদনের মাধ্যমে প্রদান করা হয়।
- ৩) প্রশিক্ষণ প্রদান: দর্জি বিজ্ঞান বা সেলাই প্রশিক্ষণ এর জন্য আবেদনের প্রেক্ষিতে উপজেলা কমিটি কর্তৃক ৩০ জন মহিলাকে চূড়ান্তকরণের পর প্রতি ০৩ মাস মেয়াদে ৩০ জন করে মহিলাকে সেলাই প্রশিক্ষণ দেয়া হয়।
- ৪) আবেদনের প্রেক্ষিতে নারী ও শিশু নির্যাতন রোধে আইনি সহায়তা প্রদান করা হয়।
- ৫) সংবাদ প্রাপ্তির ভিত্তিতে বাল্য-বিবাহ রোধে সহায়তা প্রদান করা হয়।
- ৬) ফরম 'ক' এর মাধ্যমে আবেদনের প্রেক্ষিতে উপপরিচালক এর মাধ্যমে স্বেচ্ছাসেবী মহিলা সমিতি রেজিস্ট্রেশন প্রদান করা হয়।
- ৭) স্বেচ্ছাসেবী মহিলা সমিতিতে অনুদানের জন্য আবেদন এর প্রেক্ষিতে উপজেলা কমিটির মাধ্যমে জেলায় প্রেরণ করা হয়।
- ৮) কিশোর-কিশোরী ক্লাব এ সদস্য হতে সংশ্লিষ্ট ক্লাব কমিটি কর্তৃক সদস্য নির্বাচন।
- ৯) জয়িতা নির্বাচনে আবেদনকৃত প্রার্থীদের উপজেলা কমিটি কর্তৃক যাচাই-বাছাই অন্তে মনোনয়ন করা হয়।